# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৮২তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৩ আগষ্ট ২০১৪ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ০৯ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। ভারপ্রাপ্ত সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোঃ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -০১ ঃ* গত ০৯ জুলাই তারিখের একজিকিউটিভ কমিটির ৮১তম সভার কার্যবিবরণীর অগ্রগতির ব্যাপারে বিস্তারিতভাবে আলোচনা করা হয়। উক্ত কার্যবিবরণীর অধিকাংশ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য মেজর মোঃ সিরাজুল আরেফিন (অবঃ) প্রস্তাব করেন এবং লেঃ কর্ণেল আব্দুর রব (অবঃ) তা সমর্থন করেন। | সভাপতি/ সেক্রেটারী |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০২ ঃ* কনভেনশন সেন্টারের আয়ের ৬৫% অর্থ ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রতিমাসে পরিশোধ করার ব্যাপারে আলোচনা করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য অর্থ পরিষদ কর্তৃক পরিশোধের জন্য একটি সভা অনুষ্ঠিত হওয়া প্রয়োজন যেখানে ক্যান্টনমেন্ট বোর্ডের একজন প্রকৌশলী ও হিসাব রক্ষক উপস্থিত থাকবেন এবং যে কোন সুবিধাজনক সময়ে আলোচনার মাধ্যমে করণীয় নির্ধারণ করতঃ সিদ্ধান্ত অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ডের প্রাপ্য অংশ মাসিক বা ষান্মাসিক ভিত্তিতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৩ ঃ* ফিটনেস সেন্টারের নির্মাণ কাজ যথাশীঘ্র সম্ভব শেষ করা এবং সুন্দরভাবে পরিচালনা করা, ভর্তি ফি ও মাসিক ফি নিয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে ফিটনেস সেন্টারের সদস্য হওয়ার জন্য (ভর্তি ফি) ৩,০০০.০০ টাকা এবং মাসিক ফি বাবদ ৫০০.০০ টাকা নির্ধারণ করা হয়। এছাড়া ফিটনেস সেন্টারের জন্য ০২ জন সিকিউরিটি গার্ড ও ০১ জন ক্লিনার নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নরূপভাবে ফিটনেস সেন্টার পরিচালনা কমিটি গঠিত হয় ঃ<br><br>ইনচার্জ - কর্ণেল মোহাম্মদ গোলাম মোস্তফা, পিএসসি (অবঃ)<br>সহকারী ইনচার্জ ১। - ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ)<br>২। - জনাব টিমো আজিজ (নাইজেরিয়ান) | ফিটনেস সেন্টার কমিটি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৪ ঃ* মেজর জেনাঃ মোঃ মাসুদুর রহমান, বিপি (অবঃ) সভাপতি, রোটারি ক্লাব অফ মুক্ত স্বদেশ এর আবেদনপত্র নিয়ে আলোচনা করা হয়। কনভেনশন সেন্টারের ৪র্থ তলার বড় রুমটি খেলাধূলার সামগ্রী লাগানোর আগ পর্যন্ত অত্র এলাকার প্লট/ফ্ল্যাট মালিকদের প্রয়োজনে Nominal Payment এর মাধ্যমে ভাড়া দেয়ার সিদ্ধান্ত হয় এবং প্রতিটি অনুষ্ঠানের জন্য যেভাবে আছে সেভাবেই ৫,০০০.০০ টাকা ভাড়া নির্ধারণ করা হয় যা সভার সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/ ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৫ ঃ* বারিধারা ডিওএইচএস পুকুরের পশ্চিম পাশে বিনোদন ও সৌন্দর্যবর্ধনের জন্য ২টি দোলনা স্থাপন করার ব্যাপারে আলোচনা হয় এবং সভার সর্বসম্মতিক্রমে তা স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/ ভাইস প্রেসিডেন্ট |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৬ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের এ্যাম্বুলেন্স মেরামত ও রক্ষণাবেক্ষন কাজে প্রাপ্ত কোটেশন নিয়ে আলোচনা করা হয় এবং ডিসেন্ট অটো ডায়াগনষ্টিক সেন্টার, দক্ষিণ মানিকদী, ইসিবি সার্কেল, ঢাকা সেনানিবাস এর নিকট হতে প্রাপ্ত ১৩,৮৯০.০০ টাকার কোটেশন সভার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভাপতি/ ট্রেজারার |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৭ ঃ* গেইটওয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী আয়োজিত 'ঢাকা রিয়েল এষ্টেট ফেয়ার-২০১৪' অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয় এবং সভায় উপস্থিত সকল সদস্যগনের সম্মতিক্রমে আগামী ১১,১২ ও ১৩ সেপ্টেম্বর ২০১৪ কনভেনশন সেন্টারের হল-১ এ গেইটওয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানীকে মেলা করার অনুমতি প্রদান করা হয়। | সভাপতি/ ভারপ্রাপ্ত সেক্রেটারী |

| | |
|---|---|
| *সূচী ও সিদ্ধান্ত - ০৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের ফিল্ড সিকিউরিটি অফিসারের বিভিন্ন জায়গায় যাতায়াতের জন্য এবং ডিওএইচএস এলাকার যে কোন সমস্যার দ্রুত সমাধানের লক্ষ্যে উক্ত স্থানে তড়িৎ গতিতে পৌছানোর জন্য ০১টি মটর সাইকেল ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনা সভায় উপস্থিত সকল সদস্যগনের সম্মতিক্রমে ০১টি মটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে ২টি টহল পার্টির জন্য আরও ২টি মটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা অধিকাংশ ইসি সদস্যগনকে অবহিত করা হয়েছে। | সভা<br>মেম্ব<br>এভ |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ০৯ ঃ* বারিধারা ডিওএইচএস ফুটবল গ্রাউন্ডে আলো সল্পতার কারণে অত্র এলাকার ছেলেমেয়েদের খেলাধুলায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাই উক্ত মাঠে সচরাচর ছেলেমেয়েদের খেলাধুলার ও পর্যাপ্ত আলোর জন্য ৮টি ইলেকট্রিক পুল ক্রয় করে যথাপোযুক্ত স্থানে স্থাপন করা হয়েছে। যা ইসি সভার সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সভা<br>ভাইস<br>প্রেসি |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১০ ঃ* অনন্যা শপিং কমপ্লেক্স সংলগ্ন গার্বেজ পয়েন্টের সামনে স্পীড ব্রেকার না থাকার কারণে বিভিন্ন দিক থেকে আগত গাড়ীর স্প্রীড বেশী থাকায় অধিকাংশ সময় উক্ত স্থানে দূর্ঘটনার সৃষ্টি হয়ে থাকে। তাই গার্বেজ পয়েন্টের সামনে একটি স্পীড ব্রেকার নির্মাণ করার সিদ্ধান্ত অত্র সভায় গৃহীত। | সভা<br>মেম্ব<br>এভ |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত - ১১ ঃ* ডিওএইচএস এর মূল গেইট ২টিতে অস্ত্রসহ আনসার নিয়োগের ব্যাপারে আলোচনা হয় যা AGM এ উপস্থাপন করা হবে। মসজিদের নিকট ATM Booth এর ২ পাশে, CSD এর সামনে ও লাশবাহী গাড়ীর Wash room এ যাওয়ার স্থানে Railing স্থাপন করা হবে। Fitness Center এর চুক্তি বহির্ভূত কাজের জন্য দাবীকৃত বিল পরীক্ষা-নিরীক্ষা করে ঠিকাদারকে প্রদান করতে হবে। সিকিউরিটি ব্যারাকের উত্তর পাশের জীর্ণ টিনের বেড়া অপসারণ করে দেয়াল নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে পত্র লিখতে হবে। | সভা |
| *আলোচ্যসূচী ও সিদ্ধান্ত -১২ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। যে সকল ব্যয় ইসির আর্থিক ক্ষমতার অধিক তা এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ইসির আর্থিক ক্ষমতার আওতাধীন সকল ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজা |

৪। সভাপতি মহোদয় মিটিং এ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্নেল এম আব্দুল হাই
সভাপতি

তারিখ ঃ ২৬ আগষ্ট ২০১৪

মেজর আশরাফ কামাল (অবঃ)
ভারপ্রাপ্ত সেক্রেটারী

তারিখ ঃ ২৬ আগষ্ট ২০১৪

কার্যক্রম ঃ

সম্মানিত সকল ইসি সদস্য